দৈনিক
ইত্তেফাক

তারিখ ...28 NOV 2016...
পৃষ্ঠা ...১৩... কলাম ...২...

# মির্জাপুরে পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত টাকা আদায়কে কেন্দ্র করে বিদ্যালয় ভাঙচুর

■ মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

মির্জাপুরে এসএসসি পরীক্ষার ফরম পূরণ ও কোচিং বাণিজ্যের নামে অতিরিক্ত টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে বিক্ষুব্ধ ছাত্র এবং অভিভাবকরা বিদ্যালয় ভাঙচুর করেছে। শনিবার উপজেলার বরাটি নরদানা বাংলাদেশ উচ্চ বিদ্যালয় (বিএনবি উচ্চ বিদ্যালয়) এ ঘটনা ঘটেছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে অতিরিক্ত টাকা নেওয়ার অভিযোগ এনে ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্যরা উপজেলা নির্বাহী অফিসার ও শিক্ষা অফিসারসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। মির্জাপুর উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগে জানা গেছে, আসন্ন এসএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য শিক্ষা বোর্ড বিজ্ঞান বিভাগে একজন ছাত্রের জন্য নির্ধারিত ফি দুই হাজার টাকা এবং মানবিক ও ব্যবসায় শাখায় ১৯শ টাকা নির্ধারণ করেছে। কিন্তু মির্জাপুর উপজেলার বরাটি উচ্চ বিদ্যালয়ে শিক্ষামন্ত্রী ও শিক্ষা বোর্ডের এ নির্দেশ মানা হয়নি।

অভিযোগকারীদের মধ্যে ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য নজরুল ইসলাম, জাবেদ মিয়া, বাবুল হোসেন ও শুকুর মাহমুদ বলেন, সরকারি নির্দেশ অমান্য করে ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি (বর্তমানে বহিষ্কৃত) মো. মোবারক হোসেন সিদ্দিকী এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সোহরাব হোসেন মল্লিক যোগসাজস করে ম্যানেজিং কমিটির অপর সদস্যদের কোণঠাসা করে সরকার নির্ধারিত ফির অতিরিক্ত বিজ্ঞান বিভাগে ছাত্র প্রতি ৩৫শ ও ব্যবসায় শাখায় ৩৪শ করে টাকা আদায় করে নিয়েছে।

বিদ্যালয়ের, প্রধান শিক্ষক মো. সোহরাব হোসেন মল্লিক বিভিন্ন অভিযোগ অস্বীকার করে বলেন, বোর্ড নির্ধারিত ফি নেওয়া হয়েছে। তবে কোচিংয়ের জন্য শিক্ষকদের বেতন দিতে কিছু অতিরিক্ত টাকা নেওয়া হয়েছে।

ম্যানেজিং কমিটির সভাপতি ও ভাদগ্রাম ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মো. মোবারক হোসেন সিদ্দিকী বলেন, ফরম পূরণের সময় শিক্ষকদের বেতনের জন্য কিছু অতিরিক্ত টাকা নেওয়া হয়েছে।

মির্জাপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাকির হোসেন মোল্লা বলেন, তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।